

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা আমাদের উল্লেখিত বিষয়কে সুস্পষ্টভাবে প্রমাণ করে

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا يونس بن عبد الأعلى حدثنا بن وَهْبِ أَخْبَرَنِي جَرِيرُ بْنُ حَازِمٍ عَنْ سُلَيْمَانَ بْنِ مِهْرَانَ عَنْ أَبِي ظَبْيَانَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: مَرَّ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ رضي الله تعالى عَنْهُ بِمَجْنُونَةِ بَنِي فُلَانٍ قَدْ زَنَتْ أَمَرَ عُمَرُ بِرَجْمِهَا عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ رضي الله تعالى عَنْهُ بِمَجْنُونَةِ بَنِي فُلَانٍ قَدْ زَنَتْ أَمَرَ عُمَرُ بِرَجْمِهَا فَرَدَّهَا عَلِيُّ وَقَالَ لِعُمَرَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ أَتَرْجُمُ هَذِهِ قَالَ: نَعَمْ قَالَ: أو ما تَذْكُرُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "رُفِعَ الْقَلَمُ عَنْ ثَلَاثَةٍ عَنِ الْمَجْنُونِ الْمَغْلُوبِ عَلَى عَقْلِهِ وَعَنِ السَّبِيِّ حَتَّى يَسْتَيْقِظَ وَعَنِ الصَّبِيِّ حَتَّى يَحْتَلِمَ" قَالَ صَدَقْتَ فخلى عنها. الراوي : ابْن عَبَّاسٍ ا المحدث : شعيب الأرنؤوط ا المصدر : صحيح ابن حبان الراوي : ابْن عَبَّاسٍ ا المحدث : شعيب الأرنؤوط ا المصدر : صحيح ابن حبان الصفحة أو الرقم: 143 ا خلاصة حكم المحدث: رجاله ثقات رجال مسلم.

বাংলা

১৪৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: আলী বিন আবু তালিব রাদ্বিয়াল্লাহু আনহু ওমুক গোত্রের পাগলীর পাশ দিয়ে অতিক্রম করছিলেন, যে ব্যভিচার করেছিল। ফলে উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাকে প্রস্তরাঘাতে হত্যা করার আদেশ দিলেন। আলী রাদ্বিয়াল্লাহু আনহু তাকে ছেড়ে নিলেন। এরপর উমার রাদ্বিয়াল্লাহু আনহুকে বললেন, হে আমিরুল মুমিনূন, আপনি কি একে প্রস্তরাঘাতে হত্যা করতে চান? জবাবে তিনি বললেন: হ্যা। তখন আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আপনার কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কথা স্মরণ নেই? তিনি বলেছেন: তিন শ্রেণির মানুষ থেকে কলম উঠিয়ে নেওয়া হয়েছে। (১) ঐ পাগল থেকে যার জ্ঞানের উপর উন্মন্ততা জয়যুক্ত হয়েছে (২) ঘুমন্ত ব্যক্তি থেকে যতক্ষন না সে জাগ্রত হয় (৩) শিশু থেকে যতক্ষন না সে বালেগ হয়।" এটি শুনে উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, হ্যা, আপনি সত্যই বলেছেন। অতঃপর তিনি তাকে ছেড়ে দেন।"[1]

ফুটনোট



[1] আবু দাউদ: ৪৪০১; দারাকুতনী: ৩/১৩৮-১৩৯; বাইহাকী: ৮/২৬৪; হাকিম: ১/২৫৮; মুসনাদ আহমাদ: ১/১৫৪; তিরমিযী: ১৪২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়া: ২/৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন